

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-২ অধিশাখা।
www.lgd.gov.bd

স্মারক নং ৪৬.০৪৯.০০২.০২.০০.১৪৯.২০১১/৬৭

তারিখ : ২৪/১/২০১৭ ই

বিষয়ঃ শেরপুর পৌরসভা কার্যালয়ের ২০১৫-২০১৬ অর্থ-বছরের গুরুতর আর্থিক অনিয়ম সম্পর্কিত অনিস্পন্ন অডিট
আপত্তির অগ্রিম অনুচ্ছেদের জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : এল,এ,জির স্মারক নং-১১৯৩, তারিখ-১৬/০১/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে (ফটোকপি সংযুক্ত) জানানো যাচ্ছে যে, শেরপুর পৌরসভা কার্যালয়ের ২০১৫-২০১৬ অর্থ বছর পর্যন্ত গুরুতর আর্থিক অনিয়ম সম্পর্কিত অনিস্পন্ন অডিট আপত্তির অগ্রিম অনুচ্ছেদ ১ এর উপর ('ক থেকে ঝ' এর নির্দেশনা অনুসরণকরে) প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক নিস্পত্তিমূলক ২(দুই) সেট জবাব নিম্নোক্ত "ছক" মোতাবেক আগামী ১০ কার্য দিবসের মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলঃ

অডিট আপত্তি দ্রুত ও কার্যকরভাবে নিস্পত্তিকল্পে বিষয়টি অতি জরুরী হিসেবে বিবেচ্য।

সংযুক্ত : বর্ণনামতে।

অনুসরণীয় নির্দেশনা

- শুধুমাত্র অগ্রিম অনুচ্ছেদসমূহের জবাব মন্ত্রণালয় প্রেরণ;
- আপত্তিকৃত সকল অর্থ যথাযথ খাতে জমাপূর্বক প্রমানকসহ পৃথক পৃথক ভাবে ২(দুই) সেট জবাব;
- স্থানীয় অফিসের জবাবের মধ্যে চালান নং তারিখ ও টাকার পরিমাণ উল্লেখ করতে হবে;
- চালানের মাধ্যমে টাকা জমার স্বপক্ষে নামাংকিত সীলসহ সিটিআর/আইবাস কপি সংযুক্ত করতে হবে;
- প্রতি পাতায় একটি করে জবাব এবং জবাবের সাথেই প্রমাণক সংযুক্ত করতে হবে;
- সকল প্রমানক সত্যায়িত করে প্রেরণ;
- সকল স্বাক্ষরের নীচে নামাংকিত সিল ব্যবহার করতে হবে এবং
- টাকার অংক উল্লেখপূর্বক আপত্তির শিরোনাম ও বিস্তারিত বিবরণে উল্লেখ করতে হবে।
- ৪ নং কলাম সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক পূরণযোগ্য নয়।

ছক

সংস্থার নাম :

আপত্তি সন ও অনুঃ নং	অডিট আপত্তির শিরোনাম ও আপত্তির বিস্তারিত বিবরণ	স্থানীয় অফিসের জবাব	নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/ মন্ত্রণালয়ের মন্তব্য
১	২	৩	৪

মেয়র
শেরপুর পৌরসভা
বগুড়া।

(মোঃ এরশাদ হক)
উপসচিব
ফোন-৯৫৪০৩২৬।

অনুলিপি কার্যার্থে ও সদয় জ্ঞাতার্থেঃ

- অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- যুগ্ম সচিব (অডিট/নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
- মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া।
- কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল)।
- সংরক্ষণ নথি।